**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রধান শিক্ষকের কার্যালয়**
**মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়**
**রাজশাহী**
**www.mghsraj.edu.bd**

স্মারক নং-মসউবি/২৫/১৩৪(২) তারিখ: ১৩-১২-২০২৫ খ্রি.

# ভর্তি নোটিশ

এতদ্বারা মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণিতে ডিজিটাল অনলাইন লটারির মাধ্যমে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামি ১৭ ডিসেম্বর ২০২৫ খ্রি. থেকে ১৮ ডিসেম্বর ২০২৫ খ্রি. বেলা ১০ টা হতে দুপুর ২.০০ টার মধ্যে কাগজপত্র যাচাই-বাছাই করে সরকার নির্ধারিত ফি অনলাইনে পরিশোধ সাপেক্ষে ভর্তি করানো হবে। বিধায় উক্ত তারিখে নিম্নে উল্লেখিত কাগজপত্র নিয়ে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো। ভর্তির পর আসন শূন্য থাকা সাপেক্ষে প্রকাশিত ১ম অপেক্ষমান তালিকা ২১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখে অপরাহ্নে বিদ্যালয়ের নোটিশ বোর্ডে দেওয়া হবে। ১ম অপেক্ষমান তালিকা থেকে প্রথম দিক থেকে কাগজপত্র যাচাই সাপেক্ষে ২২ ডিসেম্বর ২০২৫ খ্রি. শিক্ষার্থী ভর্তি করা হবে।

## প্রয়োজনীয় কাগজপত্র:

১। অনলাইনে ভর্তির আবেদন পত্র।
২। ভর্তির জন্য নির্বাচিত ব্যক্তিগত ফলাফল সিট।
৩। ষষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ৫ম শ্রেণিতে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণের প্রত্যয়নপত্র। উল্লেখ্য যে, ফলাফল প্রকাশের পর ০৩ দিনের মধ্যে প্রশংসা পত্র জমা দিতে হবে।
৪। অনলাইন জন্ম সনদ ও জন্ম সনদের ভেরিফিকেশন ফটোকপি (জন্ম নিবন্ধন নম্বর অনলাইন আবেদনের সাথে অমিল/ত্রুটি পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে। মূলকপি প্রদর্শনের জন্য সঙ্গে আনতে হবে।)
৫। পিতা ও মাতার ভোটার আইডি কার্ডের ফটোকপি।
৬। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ১ (এক) কপি সদ্য তোলা রঙিন ছবি।
৭। কোটায় নির্বাচিতদের প্রয়োজনীয় প্রমাণপত্র।
৮। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র প্রথম শ্রেণি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
৯। বিদ্যালয় হতে সরবরাহকৃত ভর্তি ফরম তাৎক্ষণিক পূরণ করে জমা দিতে হবে।

সকল কাগজপত্র একসাথে করে উপরে ছবি দিয়ে স্ট্যাপলার মেরে জমা দিতে হবে। শিক্ষার্থী, পিতা, মাতার নামের বানান সকল সনদে একই হতে হবে। কোনরূপ গরমিল বা অসত্য প্রমাণিত হলে শিক্ষার্থী ভর্তি করানো হবে না।

# সেশন ফি

ষষ্ঠ শ্রেণির ভর্তি ফি = ১৭৩৬/- (এক হাজার সাতশত ছত্রিশ) টাকা মাত্র।


(মোঃ আনোয়ার হোসেন)
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়
রাজশাহী।
mghs126781@gmail.com
☎ : ০২৫৮৮৮৬৯০১৮